মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

**বিষয়ঃ ১১/১০/২০২১ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত মবক'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, পিএসসি, চেয়ারম্যান। |
| তারিখ | : | ১১/১০/২০২১ খ্রিঃ। |
| সময় | : | ১১.০০ ঘটিকা। |
| স্থান | : | মবক'র সভা কক্ষ। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির নির্দেশক্রমে পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:-

১। গত ২৯/০৮/২০২১ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | অডিট কার্যক্রম পরিচালনা এবং অডিট আপত্তি হ্রাস।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২৯/১০/২০১৯ | ক) দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত অনুযায়ী অমীমাংসিত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে মবক'র পত্র নং-৭৬৬, তাং-০৮/০৭/২০২১ মূলে মহা-পরিচালক, পরিবহন অডিট অধিদপ্তর, ঢাকা বরাবর তাগিদ পত্র প্রেরণ করা হয়। এছাড়া, এবিষয়ে নিরীক্ষা কর্মকর্তা গত ১৯/৯/২১ খ্রিঃ তারিখে ঢাকায় গমন করেন এবং পরিবহন অডিট অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে আলোচনায় তারা জানান যে, এ সংক্রান্ত সকল নথি উপস্থাপন হয়েছে এবং হচ্ছে। | ক) (i) দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত অনুযায়ী মীমাংসাপত্র জারীর বিষয়টি ত্বরান্বিত করতে হবে।<br>(ii) অডিট অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অডিট চলাকালীন যে সমস্ত আপত্তি নিষ্পত্তির জন্য সিদ্ধান্ত দেন তার আলোকে অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করার জন্য অডিট অধিদপ্তরকে পত্র প্রেরণ করতে হবে। | প্রধান নিরীক্ষা কর্মকর্তা |
| | | খ) পরিবহন অডিট অধিদপ্তরের পত্র নং-৫৭৪, তাং-২৪/০৫/২০২১ খ্রিঃ মূলে জুন'২০২১ মাসে নতুন ৭০টি অডিট আপত্তি পাওয়া যায়। তদপ্রেক্ষিতে যথাক্রমে পত্র নং-১০১৩, তাং-৮/৭/২১ খ্রিঃ, পত্র নং-১০৩৬, তাং-১২/৭/২১ খ্রিঃ, পত্র নং-১১৩৪, তাং-৮/৮/২১ খ্রিঃ এবং পত্র নং-১৩৫৬, তাং-১৩/৯/২১ খ্রিঃ মূলে মোট ৫৮টি আপত্তির জবাব নৌপরিবহন মন্ত্রণালয়ের (অডিট আইন শাখা) প্রেরণ করা হয়। তন্মধ্যে ২৭টি আপত্তির ব্রডশীট জবাব নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক পত্র নং-২১৭, তাং-৮/৮/২১ খ্রিঃ মূলে পরিবহন অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়। অবশিষ্ট ১২টি অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রস্তুত প্রক্রিয়াধীন। | খ) অবশিষ্ট ১২টি অডিট আপত্তির জবাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রধান নিরীক্ষা কর্মকর্তা |
| | | গ) অনিষ্পন্ন অডিট আপত্তি সমূহ নিষ্পত্তির বিষয়ে আন্তঃ বিভাগীয় যোগাযোগ অব্যাহত আছে। | গ) অনিষ্পন্ন অডিট আপত্তি সমূহ নিষ্পত্তির বিষয়ে আন্তঃ বিভাগীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | প্রধান নিরীক্ষা কর্মকর্তা |
| | | ঘ) উর্ধ্বতন নিরীক্ষা কর্মকর্তা পদের বর্তমান বেতন স্কেলে বেতনভাতাদি স্থগিত রেখে পূর্বের স্কেলে বেতনভাতাদি পরিশোধ করা হচ্ছে। | ঘ) এ বিষয়ে ইতোমধ্যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পরবর্তী সভার আলোচ্যসূচি হতে বিষয়টি বিযুক্তিকরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২. | মোংলা পৌরসভার সাথে যৌথভাবে পরিচালিত ট্রাক টার্মিনালের খসড়া নীতিমালা।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২৪/০২/২০২০ | ক) ১২/০৭/২০২১, ০৪/০৮/২০২১, ২৫/০৮/২০২১, ২২/০৯/২০২১ এবং ০৬/১০/২০২১ তারিখে মোট ০৫টি সভা অনুষ্ঠিত হয়েছে। আগামী ২০/১০/২০২১ তারিখে ৬ষ্ঠ সভা অনুষ্ঠিত হবে। ট্রাক টার্মিনাল পরিচালনা নীতিমালা চূড়ান্ত করা রয়েছে। আগামী বোর্ড সভায় অনুমোদন সাপেক্ষে তা কার্যকর করা হবে।<br><br>খ) ট্রাক-টার্মিনালের দোকান ভাড়া সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। নীতিমালাটি বোর্ড সভায় অনুমোদিত হলে ট্রাক-টার্মিনালের দোকান ভাড়ার হিসাব চূড়ান্ত করা হবে। | ক) নীতিমালাটি বোর্ড সভায় উপস্থাপনপূর্বক অনুমোদন গ্রহণ করতে হবে।<br><br>খ) বোর্ড সভায় নীতিমালা অনুমোদিত হলে পরিচালনা কমিটি কর্তৃক দোকান ভাড়ার হিসাব চূড়ান্ত করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) |
| ৩. | খুলনা ও মোংলা রেস্ট হাউজ পরিচালনার জন্য নীতিমালা প্রণয়ন।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২২/০৩/২০২০ | কমিটি কর্তৃক দাখিলকৃত খসড়া নীতিমালাটি চূড়ান্তকরণের লক্ষ্যে হারবার মাস্টার এর নিকট প্রেরণ করা হয়েছে। হারবার মাস্টারের নিকট হতে সংশোধিত নীতিমালা পাওয়া গেলে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নীতিমালাটি চূড়ান্তকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও হারবার মাস্টার |
| ৪. | অবৈধ দখলদার উচ্ছেদ।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২২/০৩/২০২০ | মবক এর সীমানা সংক্রান্ত জটিলতা থাকায় সীমানা সংলগ্ন অবৈধ বসবসকারীদের বাদ দিয়ে তালিকা অনুযায়ী অন্যান্য অবৈধ বসবাসকারীদের উচ্ছেদের লক্ষ্যে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কে অনুরোধ করা হয়েছে। পরিচালক (প্রশাসন) সভায় অবহিত করেন যে, মোংলা বন্দর কর্তৃপক্ষের সীমানা নির্ধারণ কাজ দ্রুত সম্পন্ন করা হবে। | অবৈধ দখলদারদের উচ্ছেদের লক্ষ্যে সঠিক নাম ও ঠিকানা নির্বাহী ম্যাজিস্ট্রেট বরাবর প্রেরণ করতে হবে এবং মবক'র সীমানা নির্ধারণ কাজ দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে। | পরিচালক (প্রশাসন), প্রধান নিরাপত্তা কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট |
| ৫. | এপিএ বাস্তবায়ন অগ্রগতি।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ১৯-০৮-২০২০ | মবক'র ২০২১-২০২২ অর্থবছরের এপিএ'র চুক্তি গত ২৭/০৬/২০২১ তারিখে নৌপমের সাথে স্বাক্ষরিত হয়েছে।। চলতি অর্থ বছরের এপিএ ১ম ত্রৈমাসিক অগগ্রতি প্রতিবেদন প্রেরণের কার্যক্রম চলমান। সভাপতি এপিএ বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের জন্য এপিএ ফোকাল পয়েন্ট কে নির্দেশনা প্রদান করেন। সেসাথে সকল বিভাগকে ই-নথির কার্যক্রম বেগবান করার অনুরোধ জানান। | (ক) নির্ধারিত সময়ে এপিএ এর ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>(খ) ই-নথির কার্যক্রম বেগবান করতে হবে। | উপ-পরিকল্পনা প্রধান<br><br>বিভাগীয় প্রধান (সকল) |
| ৬. | বাসা বরাদ্দ/বাতিল।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২২-১০-২০২০ | মোট সাবলেটধারী ৩৬ জনের মধ্যে ইতোমধ্যে ২২ জন বাসা ছেড়ে দিয়েছেন। অবশিষ্ট ১৪ জন সাবলেটধারী বাসা ছেড়ে না দেওয়ায় বরাদ্দগ্রহীতার বরাদ্দ বাতিল করা হয়। পরবর্তীতে বাসা বরাদ্দ বহাল রাখার জন্য তারা আবেদন করেন। তাদের আবেদন বিবেচনার জন্য ১০/০৬/২০২১ তারিখে ০২ (দুই) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। কমিটির প্রতিবেদন অনুযায়ী ১১ জন সাবলেট বাসা ছেড়ে দেননি। ইতোমধ্যে ০১জন সাবলেটধারী বরাদ্দগ্রহীতা অবসরজনিত কারণে বাসা ছেড়ে দিয়েছেন। সাবলেটধারী বরাদ্দগ্রহীতাদের গত ৩০/০৯/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে সাবলেট অপসারণের জন্য গত ২১/৯/২০২১ তারিখে পত্র প্রেরণ করা হলেও সাবলেটধারীরা এখনও বাসা ছাড়েননি। | ০১ নভেম্বর ২০২১ এর মধ্যে আবশ্যিকভাবে সাবলেটধারীদের সাবলেট অপসারণ করার জন্য বরাদ্দ গ্রহীতাকে পত্র প্রেরণ করতে হবে। সাবলেট অপসারণে ব্যর্থ হলে বাসা বরাদ্দ বাতিল করা হবে এবং বাসা থেকে উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | পরিচালক (প্রশাসন) |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৭. | আমদানীকারকগণ কর্তৃক মোংলা বন্দর ব্যবহারে উৎসাহ প্রদান।<br><br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>০৩-০৩-২০২১ | ক) ইতোমধ্যে গাড়ী আমদানীকারকদের (বারভিডা'র) সাথে সভা অনুষ্ঠিত হয়েছে। গত জুলাই ও আগস্ট ২০২১ মাসে কোন সভা অনুষ্ঠিত হয়নি। মোংলা বন্দর ব্যবহারে উৎসাহিত করার লক্ষ্যে সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশনসহ সংশ্লিষ্টদের সাথে সভা অনুষ্ঠানের জন্য নথি উপস্থাপন করা হয়েছে।<br>খ) শেডে/ইয়ার্ডে গাড়িসমূহ দ্রুত ডেলিভারী করার জন্য সভায় আলোচনা হয়। মোংলা বন্দরে দীর্ঘদিন পড়ে থাকা আমদানিকৃত গাড়ি দ্রুত অপসারণের নিমিত্তে বাংলাদেশ রিকন্ডিশন্ড ভেহিক্যালস ইম্পোর্টার্স এন্ড ডিলার্স এসোসিয়েশন (বারভিডা) ও মোংলা বন্দর কর্তৃপক্ষের মধ্যে গত ১৪/০৬/২০২১ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্তমতে সুপারিশমালা প্রণয়নের জন্য গত ২৩/৯/২০২১ ইং তারিখ ৪ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে পত্র প্রাপ্তির ১৫ কার্যদিবসের মধ্যে সুপারিশসম্বলিত প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হয়েছে।<br><br>২৯/৮/২০২১ তারিখের সভা অনুষ্ঠানের পর গাড়ি সংক্রান্ত তথ্যাদি।<br>২৯/৮/২০২১ তারিখ বন্দরে রক্ষিত গাড়ি = ৩৬৪৬ ইউনিট<br>২৯/৮/২০২১ তারিখের পর আমদানিকৃত গাড়ি = ২১০৩ ইউনিট<br>মোট গাড়ি = ৫৭৪৯ ইউনিট<br>২৭/৯/২০২১ তারিখ পর্যন্ত ডেলিভারী (–) = ১৮৪৯ ইউনিট<br>অবশিষ্ট গাড়ি = ৩৯০০ ইউনিট | ক) মোংলা বন্দর ব্যবহারে ব্যবহারকারীদের উৎসাহ প্রদান কার্যক্রম অব্যাহত রাখাসহ প্রচার-প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>খ) শেডে/ইয়ার্ডে রক্ষিত গাড়িসমূহ কাস্টমস বিভাগের সাথে সমন্বয়পূর্বক দ্রুত ডেলিভারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | হারবার মাস্টার, পরিচালক (ট্রাফিক) ও প্রধান প্রকৌশলী (যাঃও তঃ) |
| ৮. | মোংলা বন্দরের বিভিন্ন স্থানে স্তুপকৃত ড্রেজিং মাটি অপসারণ।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২৭-০৪-২০২১ | বালি মাটি বিক্রয়ের রেট পুনঃ নির্ধারণের জন্য গঠিত কমিটির প্রতিবেদনে প্রতি ঘনফুট বালু/মাটির মূল্য ১.৭১ টাকা নির্ধারণ করার প্রস্তাব করা হয়েছে। বর্তমান রেট প্রতি ঘনফুট ৩.৪০ টাকা। বোর্ড সভায় উপস্থাপনের লক্ষ্যে কার্যপত্র ও নথি (বোর্ড ও জসঃ) বিভাগে প্রেরণ করা হয়েছে। | (১) বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(২) বোর্ড সভার সিদ্ধান্ত প্রাপ্তির পর সুলভ মূল্যে বালু/মাটি বিক্রির লক্ষ্যে সকল শিল্প প্রতিষ্ঠানকে পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৯. | মবক'র হাসপাতালে হার্টের রোগীদের জন্য ভ্যাকসিন রাখা এবং রেফারকৃত সংশ্লিষ্ট হাসপাতালে প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা রাখা।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২৭-০৪-২০২১ | গাজী মেডিকেল ও সিটি মেডিকেল কলেজ হাসপাতাল হতে আনুষ্ঠানিক প্রস্তাব পাওয়া গেছে যা চূড়ান্ত করা হয়েছে। দ্রুততর সময়ের মধ্যে সমঝোতা স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | দ্রুততর সময়ের মধ্যে সমঝোতা স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান চিকিৎসা কর্মকর্তা |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১০. | কর্ম শাখায় নিয়োগ, পদোন্নতি ও অন্যান্য জরুরী দাপ্তরিক কাজের জন্য ০১টি ডিজিটাল ফটোকপি মেশিন, ০২টি কম্পিউটার এবং ০৩টি প্রিন্টার সরবরাহ প্রসঙ্গে।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>৩০-০৫-২০২১ | কর্ম শাখায় নিয়োগ, পদোন্নতি ও অন্যান্য জরুরী দাপ্তরিক কাজের জন্য ০১টি ডিজিটাল ফটোকপি মেশিন ও ০১টি প্রিন্টার সরবরাহ পাওয়া গেছে। ০২টি কম্পিউটার ও ০২টি প্রিন্টার এখনও পাওয়া যায়নি। নির্বাহী প্রকৌশলী (ই এন্ড ই) বলেন নিয়োগ পরীক্ষা উপলক্ষে ইতোমধ্যে কিছু মালামাল অগ্রীম সরবরাহ করা হয়েছে। অবশিষ্ট মালামাল দ্রুততর সময়ের মধ্যে সরবরাহ করা হবে। সভাপতি একজন অভিজ্ঞ ফটোকপি মেশিন অপারেটের দৈনিক মজুরী ভিত্তিক হিসেবে নিয়োগের ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রধান প্রকৌশলী (ইএন্ডই) কে অনুরোধ করেন। | (ক) চাহিদা অনুযায়ী ০২টি কম্পিউটার ও ০২টি প্রিন্টার দ্রুততার সাথে সরবরাহ করতে হবে।<br>(খ) একজন অভিজ্ঞ ফটোকপি মেশিন অপারেটের দৈনিক মজুরী ভিত্তিক হিসেবে নিয়োগ করতে হবে। | প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) |
| ১১. | যাদের চাকুরী ২০/২৫ বছর হয়েছে তাদের সমস্কেলে পদ পরিবর্তন করা।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>৩০-০৫-২০২১ | পদ পরিবর্তন সংক্রান্ত নথি নম্বর-১৮.১৪.০১৫৮.১২৫.১৯.০০১.২০২০ এর অনুচ্ছেদ নং-৩(১) এ তৎকালীন চেয়ারম্যান মহোদয় গত ২৫/০৩/২০২০ তারিখে বিষয়টি সংশ্লিষ্ট আইন/বিধি, নির্দেশনার আলোকে যাচাই-বাছাই করে পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। এ প্রেক্ষিতে বোর্ড সভায় উপস্থাপনের জন্য নথি উপস্থাপন করা হলে চেয়ারম্যান মহোদয় গত ০৫/০৮/২০২১ তারিখে "আসন্ন নিয়োগ প্রক্রিয়াতে এই বিভাগ/পদ পরিবর্তন কোন প্রভাব ফেলিবে কিনা তা নিয়োগ বিধি পর্যালোচনা করত উত্থাপন করিতে হবে। বিষয় পরিচালক (প্রশাসন), চীফ ফাইনান্স ও চীফ অডিট নিরীক্ষা করতঃ মতামত দিন" মর্মে নির্দেশনা প্রদান করেছেন। সিদ্ধান্তমতে মতামত সম্বলিত প্রতিবেদন চেয়ারম্যান মহোদয় বরাবর উপস্থাপন করা হয়। এ বিষয়ে গত বোর্ড সভায় আলোচনা হয়েছে। বোর্ড সভার কার্যবিবরণী প্রাপ্তির পর সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন), প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা এবং প্রধান নিরীক্ষা কর্মকর্তা |
| ১২. | মোংলা বন্দর কর্তৃপক্ষের স্থায়ী বন্দর, পুরাতন মোংলা এবং খুলনাস্থ বিভিন্ন স্থাপনা ও মবক এর ভাড়া/ইজারাকৃত জমির বকেয়াসহ সকল পাওনা আদায়।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>৩০-০৫-২০২১ | বকেয়া অর্থের তালিকা গত ০৬/০৬/২১ তারিখে অর্থ ও হিসাব বিভাগকে সরবরাহ করা হয়েছে। জুলাই ২০২১ পর্যন্ত আদায় ১,০২,৯৮,৯২২/- (এক কোটি দুই লক্ষ আটানব্বই হাজার নয়শত বাইশ) টাকা মাত্র। বকেয়া অর্থ আদায়ের কার্যক্রম চলমান আছে। মোংলা বন্দর কর্তৃপক্ষের স্থায়ী বন্দর, পুরাতন মোংলা এবং খুলনাস্থ বিভিন্ন স্থাপনা ও মবক এর ভাড়া/ইজারাকৃত জমির বকেয়াসহ সকল পাওনা আদায়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত মাসিক প্রতিবেদন অর্থ ও হিসাব বিভাগে প্রেরণ করতে হবে। | বকেয়াসহ মবক'র সকল পাওনা আদায়ের লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৩. | অকেজো/অব্যবহৃত অবস্থায় পড়ে থাকা গাড়ি নিলাম। এজেন্ডা শুরুর তারিখঃ ২৯-০৮-২০২১ | প্রশাসন বিভাগের ০২টি কার এবং ০২টি পিকআপ গাড়ি নিলামের লক্ষ্যে অকেজো ঘোষণা ও নিষ্পত্তিকরণ কমিটিতে সদস্য হিসেবে মন্ত্রণালয়ের ০২জন প্রতিনিধি রয়েছেন। মন্ত্রণালয়ের প্রতিনিধি মনোনয়নের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | নিলামযোগ্য গাড়ীগুলো দ্রুত নিলামের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও প্রধান প্রকৌশলী (যাঃ ও তঃ) |
| ১৪. | মবক এর বরাদ্দকৃত জমির নাম পরিবর্তন ও মালিকানা পরিবর্তন সংক্রান্ত। এজেন্ডা শুরুর তারিখঃ ২৯-০৮-২০২১ | ক) মোংলা বন্দর কর্তৃপক্ষের জমি বরাদ্দ দেয়ার পরে ঐ জমির নাম পরিবর্তন, মালিকানা পরিবর্তন এবং উক্ত জমি পুনরায় অন্য লোককে বরাদ্দ দেয়ার কাজটি প্রশাসন বিভাগ কর্তৃক এককভাবে সম্পাদিত হয়ে আসছে। এক্ষেত্রে বিষয়টি ভূমি বাছাই কমিটির সকল সদস্যকে অবহিত রেখে উক্ত কমিটির মাধ্যমে সম্পন্ন করার জন্য প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা ব্যবস্থাপনার দৃষ্টি আকর্ষণ করেন। পরিচালক (প্রশাসন) সভায় অবহিত করেন যে, বিদ্যমান নীতিমালা/কর্তৃপক্ষের নির্দেশনার আলোকে জমি বরাদ্দ, নাম পরিবর্তন ও পুনঃবরাদ্দ প্রদানের কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। প্রশাসন বিভাগ এককভাব এ কাজগুলো করে না। ভূমি বরাদ্দ নীতিমালা বোর্ড সভা ও মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে জমির লীজ গ্রহীতা পরিবর্তন, মালিকান পরিবর্তন ও পুনঃবরাদ্দ প্রদান কার্যক্রম চলমান আছে। | ক) ভূমি বরাদ্দ নীতিমালা, বোর্ড সভা ও মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে জমির লিজ গ্রহীতা পরিবর্তন, মালিকানা পরিবর্তন ও পুনঃবরাদ্দ প্রদান কার্যক্রম পরিচালনা করতে হবে।<br><br>(খ) পরবর্তী সভার আলোচ্যসূচি হতে বিষয়টি বিমুক্তিকরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ১৫. | ট্রাফিক অফিসার এবং জুনিয়র আউটডোর এ্যাসিস্ট্যান্ট পদে নিয়োগ। এজেন্ডা শুরুর তারিখঃ ১১-১০-২০২১ | ট্রাফিক অফিসার এবং জুনিয়র আউটডোর এ্যাসিস্ট্যান্ট পদে নিয়োগের কার্যক্রম দ্রুততর সময়ে সম্পন্নের বিষয়ে কার্যকর ব্যবস্থা বের করতে হবে। | ট্রাফিক অফিসার এবং জুনিয়র আউটডোর এ্যাসিস্ট্যান্ট পদের জনবল দ্রুত নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| | ট্রাফিক ভবনের প্রবেশ দ্বারের সম্মুখে জলাবদ্ধতা নিরসন। এজেন্ডা শুরুর তারিখঃ ১১-১০-২০২১ | বৃষ্টি হলে ট্রাফিক ভবনের প্রবেশ দ্বারের সম্মুখে পানি জমে থাকায় ভবনে প্রবেশে সমস্যা হয়। জলাবদ্ধতা নিরসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও ভবনের পশ্চিম পার্শ্বের মাটির ডিবি অপসারণ বিষয়ে আলোচনা হয়। | ট্রাফিক ভবনের প্রবেশ দ্বারের সম্মুখে জলাবদ্ধতা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) |
| ১৬. | বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পে যাঃওতঃ বিভাগের প্রকৌশলী অন্তর্ভুক্ত করা। এজেন্ডা শুরুর তারিখঃ ১১-১০-২০২১ | বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পে যাঃওতঃ বিভাগের প্রকৌশলী অন্তর্ভুক্ত করার বিষয়ে আলোচনা হয়। | বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পে যাঃওতঃ বিভাগের প্রকৌশলী অন্তর্ভুক্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) ও হারবার মাস্টার |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৭. | মবক'র কেন্দ্রীয় জামে মসজিদ মেরামত।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>১১-১০-২০২১ | মোংলা বন্দর কর্তৃপক্ষের কেন্দ্রীয় জামে মসজিদে গত ঈদ উল ফিতরের নামাজ আদায়ের কিছুক্ষণ পর এবং জুম্মার নামাজের কিছুক্ষণ পূর্বে মসজিদের ছাদের বেশ কিছু অংশ ভেঙ্গে পড়ে। নামাজের পর ছাদের স্লাব ভেঙ্গে পড়ায় মুসল্লিগণ দূর্ঘটনার হাত হতে রক্ষা পায়। এ বিষয়ে চেয়ারম্যান মহোদয়কে অবহিত করা হলে তিনি মসজিদটি অবিলম্বে মেরামতের জন্য প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) কে নির্দেশ প্রদান করেন। পরবর্তীতে প্রকৌশল বিভাগ (সিঃওহাঃ) পত্রের মাধ্যমে মসজিদের ভিতরে নামাজ না পড়ার জন্য অনুরোধ করেন এবং উহা মেরামতের কথা বললেও এ পর্যন্ত কোন অগ্রগতি পরিলক্ষিত হয় নি। বর্তমানে মসজিদের ভিতর নামাজ আদায় করা ঝুঁকিপূর্ণ হলেও মুসল্লিগণ অনেকটা জোর করে মসজিদের ভিতরেই নামাজ আদায় করছে যা কমিটির পক্ষে রোধ করা সম্ভব হচ্ছে না। ফলে যে কোন সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে।<br>সভাপতি জরুরী ভিত্তিতে বন্দর কর্তৃপক্ষের কেন্দ্রীয় জামে মসজিদ মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | মবক'র কেন্দ্রীয় জামে মসজিদ জরুরী ভিত্তিতে মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) |

সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে ও উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, বিএন
চেয়ারম্যান

স্মারক নং- ১৮.১৪.০১৫৮.১২৪.৩৮.০৫৪(অংশ-১).২০- ১৫৬৭. ১৭ অক্টোবর ২০২১ খ্রিঃ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১। সদস্য ( ), মবক, মোংলা।
২। বিভাগ/কোষ প্রধান:
........................................................ মবক, মোংলা।
৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।

১৭/১০/২০২১

মোঃ শাহীনুর আলম
উপসচিব
পরিচালক (প্রশাসন)
মোংলা বন্দর কর্তৃপক্ষ